

“স্বপ্নপুরী ইন্টারন্যাশনাল” এর নিবন্ধন সনদ নবায়ন আবেদন না-মঞ্জুর আদেশের বিরুদ্ধে আপীল আদেশনামা

তারিখঃ ০৬/০১/২০২৫

আপীল নং-০০১/২০২৫

আদেশের ক্রমিক নং ও তারিখ	আদেশ ও কর্মকর্তার স্বাক্ষর	আদেশের উপর গৃহীত ব্যবস্থা
২০/০১/২০২৫	<p>জনাব হেলেনা জামান, স্বত্বাধিকারী: স্বপ্নপুরী ইন্টারন্যাশনাল, হোটেল ডিস্টোরী (১৪তলা), ৩০/এ, ডিআইপি রোড, নয়্যাপল্টন, ঢাকা এর অনুকূলে গত ০১.০১.২০১৭ তারিখ হতে ৩১.১২.২০১৯ মেয়াদে নিবন্ধন সনদ নং-০০০২৬৩৯ ইস্যু করা হয়। উক্ত সনদের মেয়াদ ৩১.১২.২০১৯ তারিখে উত্তীর্ণ হয়। বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২ এর ৫(১) বিধি অনুসারে নিবন্ধন সনদ এর মেয়াদ শেষ হওয়ার অন্যান্য ৬০ (ষাট) দিন পূর্বে নিবন্ধন সনদ নবায়নের জন্য আবেদন দাখিল করতে হয়। এছাড়াও বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২ এর ৫(২) বিধি অনুসারে ৫(২) বিধিতে উল্লিখিত সময়সীমার পরবর্তী ০৬ (ছয়) মাসের মধ্যে সরকার কর্তৃক স্থিরকৃত জরিমানা প্রদান সাপেক্ষে নিবন্ধন সনদ নবায়নের আবেদন করার বিধান রয়েছে। কিন্তু এজেন্সির মালিক তা করতে ব্যর্থ হওয়ায় বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ৯(১)(ঘ) ধারা অনুসারে স্বপ্নপুরী ইন্টারন্যাশনাল (সনদ নং- ০০০২৬৩৯) এর নিবন্ধন সনদ নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক গত ২৮/১২/২০১৯ তারিখে বাতিল করা হয়।</p> <p>পরবর্তীতে, এজেন্সির স্বত্বাধিকারী নিবন্ধন কর্তৃপক্ষের বাতিল আদেশের বিরুদ্ধে এ মন্ত্রণালয়ের আপীল কর্তৃপক্ষ বরাবর গত ২৬.১১.২০২২ তারিখে আপীল দায়ের করেন। বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন ২০১৩ (সংশোধন) আইন, ২০২১ এর ১০ ধারার বিধান অনুযায়ী নিবন্ধন সনদ নবায়ন আবেদন নামঞ্জুরের পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে আপীল আবেদন করার বিধান রয়েছে। উক্ত এজেন্সি কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে আপীল আবেদন দায়ের করা হয়নি। আপীল কর্তৃপক্ষ কর্তৃক ১৩.১২.২০২২ তারিখে হালনাগাদ ট্রেড লাইসেন্স, হালনাগাদ আয়কর সনদপত্র, ব্যাংক সলভেন্সি সনদ, অফিস ভাড়ার চুক্তিপত্র, বিক্রয় বিবরণীসহ পুনঃআবেদন দাখিলের জন্য নির্দেশনা দেন। কিন্তু উক্ত এজেন্সির কর্তৃপক্ষ বর্ণিত কাগজপত্র দায়ের করতে ব্যর্থ হয়েছেন।</p> <p>পরবর্তীতে, তিনি গত ২৪.১২.২০২৪ তারিখে পুনরায় আপীল কর্তৃপক্ষ বরাবর আবেদন ফি বাবদ চালান, হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদপত্র, অফিস ভাড়ার চুক্তিপত্রসহ পুনরায় আবেদন দাখিল করেছেন। উক্ত আপীল আবেদনের প্রেক্ষিতে গত ১৫.০১.২০২৫ তারিখে শুনানী গ্রহণ করা হয়। নির্ধারিত সময়ের মধ্যে নিবন্ধন সনদ নবায়নের আবেদন দাখিল না করায় বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত) ২০২১ এবং বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২ মোতাবেক আপীল কর্তৃপক্ষ কর্তৃক আবেদনটি বিবেচনা করার সুযোগ নেই।</p> <p>এমতাবস্থায়, বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত) ২০২১ এর ১০ ধারা এবং বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২ এর বিধি ১৮ অনুযায়ী আপীল আবেদনটি নামঞ্জুর করা হ'ল। সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হোক।</p>	

স্বাক্ষরিত-  
২০.০১.২০২৫  
ফাতেমা রহিম ভীনা  
অতিরিক্ত সচিব (পর্যটন)  
ও  
আপীল কর্তৃপক্ষ

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়  
পর্যটন-৩ শাখা  
[www.mcoat.gov.bd](http://www.mcoat.gov.bd)

নম্বর-৩০.০০.০০০০.০২৫.২৭.০০১.২৫- ৪৪(৩২)

তারিখ: ২০.০১.২০২৫

সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

- ১) সিনিয়র সচিব/সচিব, জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়/ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
- ৩) যুগ্মসচিব (নিবন্ধন কর্তৃপক্ষ), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) জেলা প্রশাসক, ঢাকা।
- ৫) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
- ৬) প্রোগ্রামার, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৭) অতিরিক্ত সচিব (পর্যটন) এর ব্যক্তিগত কর্মকর্তা, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
- ৮) মহাসচিব, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস অব বাংলাদেশ (আটাব), সাতারা সেন্টার, ৩০/এ, নয়া পল্টন, (১৬ তলা), ঢাকা-১০০০।
- ৯) ব্যবস্থাপক, ইন্টারন্যাশনাল রিলেশনশিপ, আইএটিএ বাংলাদেশ, হোসনা সেন্টার, (৩য় তলা), স্যুট-১২০, ১০৬, গুলশান এভিনিউ, ব্লক-এ, গুলশান, ঢাকা।
- ১০) বাংলাদেশে অবস্থিত সকল এয়ারলাইন্সমুহ-----
- ১১) জনাব হেলেনা জামান, স্বত্বাধিকারী: স্বপ্নপুরী ইন্টারন্যাশনাল, হোটেল ভিক্টোরী (১৪তলা), ৩০/এ, ভিআইপি রোড, নয়াপল্টন, ঢাকা।

  
(মির্জা মুরাদ হাসান বেগ)  
উপসচিব

ফোন: ০২-৫৫১০০৮৩৯

ইমেইল: [dstourism3@mocat.gov.bd](mailto:dstourism3@mocat.gov.bd)